# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 23.03.24** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রথম দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ চলছে।

নির্বাচন কমিশন, দ্রুততার সঙ্গে আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সহ বিভিন্ন অভিযোগের সমাধান করছে।

২) বামফ্রন্ট আজ এরাজ্যে তাদের তৃতীয় প্রার্থী তালিকা ঘোষণা করেছে।

৩) টাকার বিনিময় প্রশ্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস নেত্রী মহুয়া মৈত্রের আলিপুর এবং কৃষ্ণনগরের বাড়িতে তল্লাশি চালাচ্ছে সিবিআই।

নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিংহ-র বাড়ি থেকে নগদ ৪১ লক্ষ টাকা বাজেয়াপ্ত করেছে।

৪) গার্ডেনরীচে বহুতল ভেঙে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ১২ হয়েছে।

৫) আইপিএল ক্রিকেটে আজ কলকাতার ইডেন গার্ডেন্সে সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হয়েছে কলকাতা নাইট রাইডার্স।

---

প্রথম দফার লোকসভা নির্বাচনে গতকাল পর্যন্ত কোচববিহার কেন্দ্রে মোট চারটি মনোনয়ন পত্র জমা পড়েছে। এই আসনে মনোনয়ন জমা দিয়েছে, বিজেপি, ফরোয়ার্ড

ব্লক এবং নির্দল।  আলিপুরদুয়ারে জমা পড়েছে তিনটি মনোনয়ন পত্র। এর মধ্যে বিজেপি, তৃণমূল কংগ্রেস মনোয়নয়ন জমা দিয়েছে। জলপাইগুড়ি কেন্দ্রে জমা পড়া তিনটি মনোনয়নের মধ্যে একটি তৃণমূল কংগ্রেসের, একটি সিপিআইএম এবং একটি বিএসপি-র।

উল্লেখ্য, প্রথম দফায় মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিন ২৭ শে মার্চ।

--------------------

লোকসভার নির্ঘণ্ট ঘোষণা হওয়ার আগে থেকে নির্বাচন কমিশনের কাছে আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সহ একাধিক অভিযোগ জমা পড়েছে। পয়লা মার্চ থেকে অভিযোগ নেওয়া শুরু করেছে কমিশন। এখনও পর্যন্ত সিভিজিল অ্যাপে ৬৯৬ টি অভিযোগ জমা পড়েছে। তার মধ্যে ৫৬৫ টি ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। নগদ টাকা থেকে শুরু করে গয়না-সহ একাধিক জিনিস বাজেয়াপ্ত করা হয়েছে একাধিক এলাকা থেকে। ৫ কোটি টাকার বেশি অর্থ বাজেয়াপ্ত করেছে কমিশন। প্রায় ২৬ কোটি টাকার মদ, ১৩ কোটি টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে। গয়না সহ বিভিন্ন সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে প্রায় ২০ কোটি টাকার।

--------------------

রাজনৈতিক প্রচার যাতে নির্বিঘ্নে সম্পন্ন হয়, সেজন্য কেন্দ্রীয় বাহিনীর তৎপরতা চোখে পড়ার মত। বিভিন্ন এলাকায় শান্তি শৃঙ্খলা রক্ষায় পদক্ষেপের পাশাপাশি বিভিন্ন জায়গায় ভোটারদের সঙ্গে কথা বলে তাদের বাহিনীর ওপর আস্থা রাখতে বলা হচ্ছে। আজ সকাল থেকে বাঁকুড়ার বেলিয়াতোড়ের বদারডিহি, তালডাঙড়া, জয়পুর থানার ময়নাপুর এবং বারিকুল থানার মেলারা গ্রাম পঞ্চায়েতে টহল দিচ্ছে কেন্দ্রীয় বাহিনী।

-------------------

লোকসভা নির্বাচন ঘোষণা হওয়ার পর সব দলের চুড়ান্ত প্রার্থী তালিকা ঘোষিত না হলেও নির্বাচনী প্রচার চলছে জোরকদমে। এর মধ্যেই পূর্ব বর্ধমানের মেমারির গন্তারের শাসকদলের গোষ্ঠী দ্বন্ধের জেরে এদিন প্রচার না করেই ফিরে যেতে হয়েছে বর্ধমান পূর্ব লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী শর্মিলা সরকারকে। নির্বাচনী প্রচারের কর্তৃত্ব কার হাতে থাকবে, তা নিয়ে প্রার্থীর উপস্থিতিতে বিধায়ক ও ব্লক সভাপতি অনুগামীদের মধ্যে বচসা বাধে।

-------------------

ভোট পর্ব চলাকালীন সরকারি খরচে কোনো ইফতার পার্টির আয়োজন করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সব রাজ্যের মুখ্যসচিব এবং মুখ্য নির্বাচনী আধিকারিকদের উদ্দ্যেশ্যে জারি করা এক নির্দেশিকায় কমিশন জানিয়েছে, কোনো ধর্মীয় অনুষ্ঠানে সরকারি অর্থ খরচ করা উচিৎ নয়। বিশেষ করে এই সময় যখন নির্বাচনী আদর্শ আচরনবিধি বলবৎ রয়েছে। তবে কোনো ব্যাক্তি বিশেষের উদ্যোগে তাঁর ব্যক্তিগত খরচে এধরণের অনুষ্ঠানের আয়োজনে কোনো বাধা নেই বলে কমিশন জানিয়েছে।

-------------------

অষ্টাদশ লোকসভা নির্বাচনে  বামফ্রন্ট আজ এরাজ্যে তাদের তৃতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। কলকাতায় আজ রাজ্য বামফ্রন্টের বৈঠকের পর ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু এই তালিকা প্রকাশ করেন। ফ্রন্টের  তৃতীয় প্রার্থী তালিকায় চারজন প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে। তাঁরা প্রত্যেকেই সিপিআইএম এর। যেখানে দুজন প্রাক্তন সাংসদ, ও দুজন নতুন মুখ। মুর্শিদাবাদ কেন্দ্রের প্রার্থী হয়েছেন সিপিআইএম এর রাজ্য সম্পাদক

ও প্রাক্তন সাংসদ মোহাম্মদ সেলিম, রানাঘাট কেন্দ্রের প্রার্থী হয়েছেন প্রাক্তন সাংসদ অলকেশ দাস,  বর্ধমান - দুর্গাপুর কেন্দ্রে ডক্টর সুকৃতি ঘোষাল, এবং বোলপুর কেন্দ্রের প্রার্থী হচ্ছেন প্রাক্তন বিধায়ক শ্যামলী প্রধান। অন্যান্য আসনের প্রার্থী ঘোষণার জন্য এখন আলাপ আলোচনা চলছে। কিছুদিনের মধ্যেই তা প্রকাশ করা হবে বলে বিমান বাবু জানান। ISF এর সঙ্গে এখনও আসন সমঝোতা নিয়ে কোনো বোঝাপড়া হয় নি বলেও বিমান বাবু জানান।

--------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস অবৈধভাবে নির্বাচনের কাজে হস্তক্ষেপের চেষ্টা করছেন, তৃণমূল কংগ্রেসের এই অভিযোগের প্রেক্ষিতে রাজ্যপাল আজ পাল্টা নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছেন। একইসঙ্গে রাজ্যপালের একটি ভিডিও বার্তাও রাজভবন থেকে প্রকাশিত হয়েছে। সেই বার্তায় রাজ্যপাল জানিয়েছেন, পঞ্চায়েত ভোটে রাজ্যে হিংসা ও ভয়ের পরিস্থিতি তৈরি হয়েছিল। লোকসভা নির্বাচনে তার পুনরাবৃত্তি ঠেকাতে তিনি সচেষ্ট হয়েছেন। নতুন একটি ইমেইল আইডি খুলে তিনি সরাসরি মানুষের সঙ্গে যোগাযোগ গড়ে তুলে ভয় ভীতি কাটানোর চেষ্টা করছেন। তিনি কোনোভাবেই নির্বাচনী প্রক্রিয়ায় হস্তক্ষেপ করছেন না বলেও রাজ্যপাল স্পষ্ট জানিয়েছেন।

--------------------

দলের ড্রপ বক্সে কে বা কারা টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকারের নয়া আইনের জন্যই তা জানা সম্ভব নয় বলে তৃনমূল কংগ্রেস জানিয়েছে। দলের নেতা কুনাল ঘোষ আজ তৃনমূল ভবনে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে বলেন, দলের সদর কার্যালয়ে যে ড্রপ বক্স রাখা হয়েছে, বন্ড কেনার জন্য সেখানে যারা টাকা দিয়েছেন নিয়ম মেনে

নামের পরিবর্তে তারা আলফা নিউমোরিক কোড ব্যবহার করায় দাতার নাম বা ঠিকানা জানা সম্ভব নয়।

উল্লেখ্য, সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার তথ্য অনুযায়ী তৃনমূল কংগ্রেস নির্বাচনী বন্ড থেকে এক হাজার ৩৯৭ কোটি টাকা তুলেছে। যেটা দেশের মধ্যে দ্বিতীয়।

--------------------

সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহানের ভাই সিরাজুদ্দিনকে ফের তলব করেছে ইডি। আগামী ২৭ শে মার্চ তাকে সিজিও কমপ্লেক্সে হাজিরা দিতে বলা হয়েছে।

উল্লেখ্য ৫ই জানুয়ারি রেশন দুর্নীতি কান্ডের তদন্তে সন্দেশখালিতে গিয়ে শাহজাহান অনুগামীদের হাতে আক্রান্ত হন, ইডি আধিকারিকরা। এই ঘটনায় শেখ শাহজাহান, তার ভাই আলমগির সহ একাধিক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে সিবিআই।

--------------------

সংসদে টাকার বিনিময়ে প্রশ্ন তোলার অভিযোগে সিবিআই আজ তৃণমূল কংগ্রেস নেত্রী প্রাক্তন সাংসদ মহুয়া মৈত্রের কলকাতার আলিপুরের ফ্ল্যাট সহ বিভিন্ন জায়গায় তল্লাশি চালায়। আলিপুরের রত্নাবলী আবাসানে ৯ তলার ওই ফ্ল্যাটটি অবশ্য মহুয়ার বাবা দীপেন্দ্রলাল মৈত্রের নামে।

তবে এবারের লোকসভা নির্বাচনে কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া সেই বাড়িতে ছিলেন না। সকাল থেকে ঘণ্টা সাতেক তল্লাশি চলে। তবে কিছু পাওয়া গেছে কিনা তা জানা যায়নি।

এদিকে, মহুয়া মৈত্রের কৃষ্ণনগরের কার্যালয়েও আজ হানা দেয় সিবিআই আধিকারিকদের দল । দুপুর তিনটে নাগাদ সিদ্ধেশ্বরী কালী বাড়ির কাছে ওই কার্যালয় পৌঁছন তারা। পরে কার্যালয় সংলগ্ন একটি বাড়িতে যান। প্রায় আড়াই ঘন্টা তল্লাশি চালিয়ে সেখান থেকে বেরিয়ে যায় তদন্তকারী দল। কার্যালয়ের সামনে মোতায়েন ছিল কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

গত বছর ডিসেম্বরে সংসদীয় একটি প্যানেলের সুপারিশের ভিত্তিতে মহুয়াকে লোকসভা থেকে বহিষ্কার করা হয়। তার বিরুদ্ধে দর্শন হীরানন্দানি নামে এক ব্যবসায়ীর কাছ থেকে টাকার বিনিময়ে সংসদে প্রশ্ন তোলার অভিযোগ রয়েছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী এই তল্লাশি নিয়ে সরব হয়েছেন। বহরমপুরে জেলা কংগ্রেস কার্যালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, মহুয়ার বিরুদ্ধে প্রতিহিংসার রাজনীতি করা হচ্ছে।

বাইট

--------------------

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক দেশ এক ভোটের পক্ষে জোরালো সওয়াল করেছেন। বাগডোগরা বিমান বন্দর থেকে রওনা দেওয়ার আগে সাংবাদিকদের তিনি বলেন, দলের বাকি প্রার্থীদের নাম কাল পরশুর মধ্যেই ঘোষণা করা হবে।

--------------------

নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি  রাজ্যের ক্ষুদ্র ও কুটীর শিল্পমন্ত্রী চন্দ্রনাথ সিংহ-র বোলপুরের বাড়িতে তল্লাশি চালায়। গতকাল সকাল থেকে ১৪ ঘণ্টার ও বেশি সময় তল্লাশির পর  ৪১ লক্ষ টাকা উদ্ধার হয়েছে বলে ইডি সূত্রে জানা গেছে। মন্ত্রীর মোবাইল

ফোন এবং বেশকিছু নথিপত্র ও বাজেয়াপ্ত করা হয়েছে। পরে চন্দ্রনাথবাবু সাংবাদিকদের বলেন, যা জিজ্ঞেস করা হয়েছে, সেব্যাপারে তিনি সহযোগিতা করেছেন।

--------------------

আয়করে গরমিলের অভিযোগে রাজ্যের বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাসের ভাই স্বরূপ বিশ্বাসের বাড়িতে তল্লাশি চালানোর পর তাকে তলব করা হয়েছে। আয়কর দফতর এপ্রিলের প্রথম সপ্তাহে তাকে হাজিরা দেওয়ার জন্য স্বরূপ বাবুর বাড়িতে আজ নোটিশ টাঙিয়ে দেয়।

উল্লেখ্য, আয়কর দপ্তরের আধিকারিকরা স্বরূপ বাবুর বাড়িতে আজ সকাল পর্যন্ত টানা ৭২ ঘন্টা তল্লাশি চালায়। বেশকিছু নথিপত্রও তারা বাজেয়াপ্ত করেছে। তবে গুরুত্বপূর্ণ তেমন কিছুই পাওয়া যায়নি বলে স্বরূপবাবুর দাবি।

--------------------

গার্ডেনরিচে বহুতল ভেঙে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১২। আজ এসএসকেএম হাসপাতালে ভর্তি থাকা মারিয়াম বিবি নামে এক মহিলার মৃত্যু হয়।

এদিকে, কলকাতার গার্ডেনরিচে ভেঙে পড়া বহুতলের কাছেই কিছুটা হেলে যাওয়া আরও একটি বহুতলের বিপজ্জনক অংশ ভেঙে ফেলার জন্য নোটিশ পাঠিয়েছে কলকাতা পুরসভা। পাহাড়পুর রোডে ঐ বাড়িটির নম্বর জে.৪৭৪। রাজকুমার সিং নামে এক ব্যক্তি ঐ বাড়ির মালিক। গার্ডেনরিচের আজহারমোল্লা বাগানের নির্মায়মীন বাড়িটি ভেঙে পড়ার পর এই বাড়িটির ওপর নজর পড়ে। বিপজ্জনকভাবে হেলে পড়া বাড়িটি পাশের বাড়ির দেওয়াল ভেঙে ঢুকে পড়েছে। আগামী ২৮ শে মার্চ পুরসভার আধিকারিকরা সেই বাড়িটি পরিদর্শনে যাবেন।

--------------------

অভিনেতা পার্থ সারথী দেবের প্রয়াণে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গভীর শোক প্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি শিল্পীর পরিবার, বন্ধুবান্ধব ও ভক্তদের প্রতি সমবেদনা জানান। ফুসফুসের সংক্রমণ ও নিউমোনিয়া নিয়ে অভিনেতাকে হাতপাতালের ভেন্টিলেশনে রাখা হয়। গতকাল রাত ১২ টা নাগাদ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আজ শেষকৃত্য সম্পন্ন হওয়ার আগে প্রয়াত অভিনেতার দেহ টেকনিশিয়ান স্টুডিওতে নিয়ে যাওয়া হয়। সেখানে শিল্পী, কলাকুশলীদের পাশাপাশি জনসাধারণও তাঁকে শেষ শ্রদ্ধা জানান।

পার্থ সারথী দেবের প্রয়াণে শিল্পী মহলে শোকের ছায়া নেমে এসেছে। অভিনেতা চিরঞ্জিত চক্রবর্তী বললেন,

বাইট

--------------------

ইডেনে আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স , সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হয়েছে। সানরাইজার্স টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ পাওয়া খবরে কলকাতা ৪ ওভার ৩ বলে ৩ উইকেটে ৩৩ রান করেছে।

-------------------- --------------------